

গয়নায় নিত্যানতুন মাত্রা যোগ হলেও  
নারীর ভালবাসায় রূপার গয়না ধরে  
রেখেছে তার চিরন্তন আবেদন...



লাগলে, চুলোর আঁচে গয়না  
কালো হয়ে যেতে পারে।  
আসলে রূপা যদি খাঁটি হয়  
তাহলে কালো হবেই। এ  
নিয়ে দুশ্চিন্তার কোনো কারণ  
নেই। গয়নার কালো ডাব দূর  
করতে তেঁতুল জল বা গুড়ো  
সাবানে কিছুক্ষণ ভিজিয়ে রেখে  
ধুয়ে ফেলতে হবে। বাতাস  
নিরোধক পাঠ্রে রূপার গয়না  
রাখলে দীর্ঘদিন ভালো থাকবে আর  
সহজে কালো হবে না। গয়না  
ব্যবহারের পর তুলো বা টিস্যু অথবা  
মখমল জাতীয় নরম কাপড়ে পেঁচিয়ে  
রাখলে ভালো থাকবে। রূপার গয়না  
কেনার সময় ভালো দোকান দেখে  
কেনা উচিত। নামকরা দোকান থেকে  
গয়না কিনলে অপেক্ষাকৃত ভালোমানের  
গয়না পাওয়া যায়।

## রূপার শিল্পিত গহনা

### দরদাম

বলে রাখা ভালো রূপার ভরি ১৫০০ টাকা।  
কিন্তু ভরি অনুযায়ী দাম মেলানো যাবে না যদি  
নিখুঁত ডিজাইনের গয়না কিনতে চান।  
ডিজাইন ও আকার ভেদে প্রতিটি নাকমুলের  
দাম পড়বে ২৫০-৩০০ টাকা। কানের দুল  
৬০০-১০০০ টাকা। বালা ২০০০-৫০০০  
টাকা। টিকলি ১৫০০-৩০০০ টাকা। ব্রেসলেট  
১০০০-২০০০ টাকা, খাড়া বাজু ২০০০-৭০০০  
টাকা, মাদুলি সেট ২৫০০-৪০০০ টাকা।  
গয়নার সেট কিনতে খরচ হবে ১০,০০০  
টাকা। তবে জঁকজমকপূর্ণ গয়নার সেট  
কিনতে হলে গুনতে হবে ১ লাখ টাকা।

### কোথায় পাবেন

ফ্যাশন হাউস, আড়ং, অঞ্জন'স, রাজধানীর  
চাঁদনী চক মার্কেটের দ্বিতীয় তলা, বসুন্ধরা  
সিটিতে রয়েছে এ সব গয়না বানানোর বেশ  
কিছু দোকান।

### সতর্ক দৃষ্টি রাখুন

পাথর খুলে পড়ার আশঙ্কা আছে কি-না  
কিংবা পাথর গয়না থেকে খুলে গেছে কি-  
না। খুলে গেলে নিজেই লাগিয়ে নিতে পারেন  
যথাস্থানে। পাথর লাগাতে শক্ত আঠা ব্যবহার  
করতে হয়। সুপার গ্লু ব্যবহার করা ঠিক  
নয়। এতে পাথর নষ্ট হয়ে যায়, ফেব্রিক গ্লু  
ব্যবহার করুন পাথর লাগানোর জন্য। অথবা  
গয়না ঠিক করে নিন দোকানে গিয়ে। চাঁদনী  
চক, নিউমার্কেট অথবা বায়তুল মোকাররমের  
গয়নার দোকানগুলোতে গয়না মেরামত করা  
হয় নিজস্ব কারখানায়। গয়নার প্রকারভেদে  
মেরামত করতে খরচ পড়বে ৩০০ থেকে ১  
হাজার টাকার মধ্যে। ■

### ● রাশিদা খাতুন স্বরলিপি

নারী সাজতে ভালবাসে আবার  
সাজাতেও ভালবাসে। নিজে  
সাজিয়ে তোলার জন্য নারী যা কিছু  
ব্যবহার করে তার মধ্যে অলঙ্কার একটি।  
কুচির সঙ্গে মেলাতে গিয়ে সে অলঙ্কার হয়  
ভিন্ন ভিন্ন। কখনো সোনা, কখনো রূপা, ধাতু  
কিংবা কাঠের অলঙ্কার কিন্তু নিত্যদিনকার  
অনুষঙ্গ থেকে বাদ পড়ে না। যুগ-যুগে বদলায়  
গয়নার আবেদন। এক সময় রূপার গয়নার  
চাহিদা বেশ কমে এসেছিল। আর সোনার  
আবেদন ছিল সবচেয়ে বেশি। রূপার গয়নাকে  
পেছনে ঠেলে দিয়ে কখন যেন জায়গা করে  
নিয়েছিল সোনার গয়না। আবার এখন ঠিকই  
জায়গা করে নিয়েছে রূপার গয়না। গয়নায়  
নিত্যানতুন মাত্রা যোগ হলেও নারীর ভালবাসায়  
রূপার গয়না ধরে রেখেছে তার চিরন্তন  
আবেদন। ক্যাঙ্কাল পোশাকে হোক বা  
ফরমাল, সবটাকেই বেশ মানিয়ে যায় এসব  
গয়না। চলছেও সব ধরনের অনুষ্ঠানে। তাছাড়া  
রূপার মূল্য সোনার তুলনায় অনেক কম বলে  
অনেকেই এখন বেছে নিচ্ছেন এসব গয়না।  
রূপার গয়না সাধারণভাবে নয়, বিয়েতে কনে  
সাজানো এবং অন্যান্য অনুষ্ঠানেও বর্তমানে

দারুণভাবে সমাদৃত। রূপার গয়না  
অধিকাংশের ক্রয়ক্ষমতার মধ্যে।

### বাহ্যরি ব্যবহার

যে কোনো পোশাকের সঙ্গে মানিয়ে যায় রূপার  
গয়না- বললেন ফ্যাশন হাউস অঞ্জনসের  
সিইও শাহীন আহমেদ। অফিস গোগিং মেয়েরা  
নোসপিন, আংটি, খাড়া, পায়ের, ছোট দুল  
এগুলো বেশি কিনেছে। বিয়ের গয়না হিসেবে  
চাহিদা বাড়ছে। আর ছোটদের জন্মদিন  
উপলক্ষে উপহার হিসেবে বেশি কদর বেড়েছে  
বেবি বালার। ছেলেদের চাহিদা রয়েছে রূপার  
ব্রেসলেটে। তিনি আরো বলেন, ঢাকা এবং  
ঢাকার আশপাশের অঞ্চল বিশেষ করে  
টাঙ্গাইলের ঐতিহ্যবাহী গয়নার মোটিফের  
আদলে হচ্ছে তৈরি রূপার গয়না। ট্রেডআপ  
করছে অঞ্জন'স। তাছাড়া গয়নাগুলোর ডিজাইন  
করেছেন স্থানীয় কারিগররা। ডিজাইনার  
লাইলা খায়ের কনক তার তত্ত্বাবধানে জুয়েলারি  
ডিজাইন ঠিক করে দিচ্ছেন।

### গয়নার যত্ন

অনেকের ধারণা, রূপার গয়না কালো হওয়া  
মানেই তা নকল। আবহাওয়ার তারতম্যের  
कारणे गयनार रङ्ग बदले येते पावे। पानि